West Bengal Police ...

(Under Section 154 Cr. P.C.)

4289

1. Dist Slc P.S. Pradhannagar Year 2021 FIR No. 879/21 Date 01.11.2021

2 i) Act Sections 498A/326 IPC ii) Act Sections

(iii) Act Sections (iv) Others Acts & Sections

3. (a) Occurrence of Offence : Day Date From 31.10.21 Date To

Time Period Time From at night Time To

(b) Information received at P.S. Date 01.11.21 Time 18:30 hrs

(c) General Diary Reference : Entry No(s) 49 Time 18:30 hrs

4. Type of Information : Written Written / Oral

5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. Beat No.

(b) Address Samar Nagar, Battala, Ps. Pradhan Nagar Dist.- Darjeeling

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. District

6. Complainant / Informant :

(a) Name Smt. Rakhi Das (Sarkar)

(b) Father's / Husband's Name W/o. Sri Sunil Ch. Das

(c) Date / Year of Birth : (d) Nationality Indian

(e) Passport No. Date of Issue : Place of Issue

(f) Occupation

(g) Address Dasarathpally, Ps. Bhaktinagar Dist.- Jalpaiguri

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

① Abinash Biswas S/o. Sri Arun Biswas of Samarnagar Battala, Ps. Pradhan Nagar Dist. Darjeeling and other in laws

8. Reasons for delay in reporting by the Complainant / Information

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

10. Total value of properties stolen / involved

11. Inquest Report / U.D. Case No., if any

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written Complaint of the Complainant which is treated as FIR is enclosed herewith/reproduced overleaf. Sd/-

13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed PSI Chelem Dangal to take up investigation / refused investigation / transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complaint/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

Noted in written Complaint.

14. Signature / Thumb impression of the Complainant / Informant

Sd/- 01/11/21

Signature of the Officer-in-Charge, Police Station

Name : Subal Ch. Ghosh

Rank : No. SI of Police PDN PS/SLC

15. Date & Time of despatch to the court :

Dt.- 02.11.21

Dt.- 01.11.21

Received on 01.11.21 at 18:30 hrs vide PDN PS GDE No - 79 dt 01.11.21 and started PDN PS Case No. 879/21 dt. 01.11.21 u/s 498A/306 IPC and endorsed to PSI Chetan Dangal to investigate the case.

Sd/-
01/11/21
Inspector-In-charge
Pradhan Nagar P.S
Siliguri Police Commissionerate

To
The Inspector In Charge
Pradhan nagar Police Station
Pradhan Nagar, Dist. Darjeeling

মহাশয়,

বিনীত নিবেদন এই যে আমি শ্রীমতি রাখি দাস (সরকার), স্বামী শ্রী সুনিল চন্দ্র দাস, স্থায়ী ঠিকানা দশরথ পল্লী, ডাকঘর সেবক রোড, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি, এই মর্মে অভিযোগ জানাইতেছি যে, আমার একটি মেয়ে সন্তান জুলি দাস, গত ০১/০৬/২০১৮ তারিখে সমর নগর, বটতলা, থানা প্রধান নগর, জেলা দার্জিলিং এর নিবাসী শ্রী অরুন বিশ্বাস এর জ্যেষ্ঠ পুত্র অবিনাশ বিশ্বাস এর সহিত আমার মেয়ের বোদাগন্জ কালিমন্দিরে হিন্দু মতে বিবাহ করে। উল্লেখ থাকে যে, উক্ত অবিনাশ বিশ্বাস এর সহিত আমার মেয়ের পরিচয় হয় ২০১৮ সালের মাঝামাঝি এবং সেই পরিচয় থেকে প্রেমের সম্পর্ক তৈরী হলে তারা দুজনে বাড়ির অমতে বিবাহ করে।

উল্লেখ থাকে যে, একমাত্র মেয়ের উজ্জ্বল ভবিষ্যৎএর কথা মাথায় রেখে আমরা এই বিবাহ তে সম্মতি দেই এবং সেইসময় আমি, আমার স্বামী ও বাড়ির বয়জ্যেষ্ঠরা মিলে আমার মেয়ের শ্বশুর বাড়িতে যাই সেখানে একটি মিটিং হয়, উক্ত মিটিং এ আমার মেয়ের শ্বশুর শ্রী অরুন বিশ্বাস ও আমার মেয়ের শ্বাশুড়ি শ্রীমতি পুতুল বিশ্বাস একটি সামাজিক অনুষ্ঠান আয়জন করার কথা বলেন এবং সেই অনুষ্ঠানে আমার স্বামীকে তার জামাই কে দেবার জন্য হাতের আংটি, পিতলের বাসন, মেয়ের জন্য সোনার মঙ্গলসূত্র, দুই জোড়া সোনার কানের দুল, সোনার নাকছাবি, রূপোর চুড়ি, একটি রূপোর চেন সহ নানা রকম জামাকাপড় এর আব্দার করেন এবং আমার স্বামী তাদের এই সমস্ত আব্দার মুখ বুজে মেনে নেয় এবং তাদের দাবী মত আমার স্বামী উক্ত জিনিসগুলি সেই অনুষ্ঠানের সময় দিয়ে থাকেন।

বিবাহের কিছু দিন পর থেকেই আমার মেয়ের শ্বাশুড়ি, শ্বশুর ও তার স্বামী সকলে মিলে আমার মেয়ের উপর নানারকম ভাবে মানসিক ও শারিরীক ভাবে অত্যাচার করতে শুরু করে। আমার জামাই প্রচুর পরিমানে নেশা করে, প্রায় সবসময় গাজা, মদ, ব্রাউন সুগার সহ বিভিন্ন প্রকৃতির নেশা জাতীয় জিনিস সাথে করে নিয়ে ঘুরে বেরায়। কোনোরকম সংসারের খরচ দেয় না, আমি নিজের বাড়ি থেকে বিভিন্ন সময় টাকা দিয়ে সাহায্য করেছি এমনকি পাড়া প্রতিবেশির কাছ থেকে টাকা ধার নিয়েছিল সেগুলো আমরা নিয়মিত শোধ করেছি।

উল্লেখ থাকে যে, বিবাহের কিছুদিন পর আমার মেয়ে গর্ভবতী হয় এবং গর্ভাবস্থায় আমার মেয়েকে তার স্বামী আমাদের বাড়িতে দিয়ে যায়, এবং তারপর থেকে আর কোনও খোজ খবর করেন না, এবং গত ৩০.০৩.২০১৯ তারিখে আমার মেয়ের একটি কন্যা সন্তান জন্ম হয়। সন্তান জন্ম দেবার সমস্ত খরচ আমার স্বামী বহন করেন, এবং সন্তান জন্ম হবার ১ মাস পর আমার মেয়ের স্বামী ও তার শ্বাশুড়ি এসে আমার মেয়েকে ও তার সন্তান কে নিয়ে যায়, কিন্তু তার পর থেকে আমার মেয়ের শ্বাশুড়ি, শ্বশুর, তার স্বামী ও তার দেবর অভি বিশ্বাস পুনরায় তার উপর নানারকম অত্যাচার শুরু করে। এবং গত ১২.০৮.২০১৯ তারিখে আমার মেয়ের স্বামী, শ্বশুর, শ্বাশুড়ি সকলে মিলে প্রচন্ড ভাবে মারধর করে, তার পর তাকে বাড়ি থেকে বের করে দেয়, এরপর আমরা শুনতে পেয়ে তাকে বাড়িতে নিয়ে এসে চিকিৎসা করাই এবং সেই সময় আমার মেয়ে আপনার থানায় একটি অভিযোগ দায়ের করে এবং সেই অভিযোগের ভিত্তিতে একটি ভারতীয় দন্ডবিধির ৪৯৮ ক ধারায় মামলা রুজু হয় যাহার নং প্রধান নগর থানা কেস নং ৪০৪/২০১৯, তাং ১২/০৮/২০১৯ এবং সেই সময় হইতে আমার মেয়ে ও তার সন্তান আমাদের সাথেই একসাথে থাকতে শুরু করে।

এর কিছুদিন পর আমার মেয়ের স্বামী ও তার পরিবারের সকলে মিলে আমাদের বাড়িতে এসে আমাদের সকলের কাছে ক্ষমা চায় এবং তাদের ভুল স্বীকার করে এবং আমার মেয়ে ও তার সন্তান কে বাড়িতে নিয়ে যায়। কিছুদিন সব কিছু ঠিক ছিল, কিন্ত গত কিছুদিন ধরে আবার আমার মেয়ের স্বামী, শ্বশুর, শ্বাশুড়ি ও দেবর সকলে মিলে পুনরায় নানারকম ভাবে অত্যাচার করে, তাকে দিনের পর দিন না খাইয়ে রাখে, এমনকি আমার তিন বছরের নাতনির শরীরে জ্বলন্ত ধুপকাঠির ছ্যাকা লাগিয়ে দেয়, আমার মেয়ের শ্বাশুড়ি আমার নাতনি কে প্রানে মেরে ফেলার নানরকম ফন্দি করে, তাকে দুধের পরিবর্তে লবন জল খাইয়ে দেয় এমনি আমার মেয়ের দেবর আমার নাতনি কে ইচ্ছা করে জলে ফেলে দেয়, এই সমস্ত রকম অত্যাচার আমার মেয়ে মুখ বুজে সহ্য করে, কিন্ত গতকাল রাত ১২ টা নাগাদ আমার মেয়ে ফোন করে, সে কথা বলতে পারছিল না, শুধু বলছিল যে তার স্বামী, শ্বশুর, শ্বাশুড়ি ও দেবর সকলে মিলে মেরে ফেলার জন্য চাকু দিয়ে শরীরে বিভিন্ন অংশে আঘাত করে যাচ্ছে, এমনকি বাচ্চা টাকেও গলার টুটি চিপে ধরে রেখেছে আমার মেয়ের দেবর, সেই ঘটনা শোনা মাত্র আমরা কোনওকিছু বুঝতে না পেরে প্রথমে ভক্তিনগর থানায় যাই এবং সেখান থেকে আমাদের কে আপনাদের থানায় পাঠিয়ে দেওয়া হয়, এবং আপনার থানার কর্তব্যরত পুলিশ কর্মীর তৎপরতার আমরা আমাদের মেয়ের বাড়িতে গেলে সেখান থেকে আমার মেয়েকে আধা মরা অবস্থায় উদ্ধার করি এবং সেই সময় আমার মেয়ের স্বামী, শ্বশুর, শ্বাশুড়ি সকলে মিলে সেখান থেকে পালিয়ে যায়, এবং সেই সময় তাকে সেখান থেকে উদ্ধার করে শিলিগুড়ি হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার তাকে ভর্তি করে নেয়।

মহাশয় আমার মেয়ে বর্তমানে প্রচন্ডভাবে অসুস্থ, তার শারিরীক অবস্থা প্রচন্ড শোচনীয়, এমতবস্থায় আপনার দ্বারস্থ, আশা করি দোষীরা সঠিক শাস্তি পাবেন এবং আমার মেয়ে নায্য বিচার পাবেন।

ধন্যবদান্তে,

ইতি

রাখী সরকার দাস

শ্রীমতি রাখি দাস (সরকার), স্বামী শ্রী সুনিল চন্দ্র দাস, স্থায়ী ঠিকানা দশরথ পল্লী, ডাকঘর সেবক রোড, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি,
ফোন : ৭৩৬৪০০৫৫৬২

মেয়ের বর্তমান শরীরের দুটি ফোটো জুড়ে দেওয়া হইল।